# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫০০

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫৮. শোকরের সাজদা সম্পর্কে

بَاب فِي سَجْدَةِ الشُّكْرِ

## আরবী

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا سَلَمَةُ بْنُ رَجَاءٍ حَدَّثَتْنَا شَعْثَاءُ قَالَتْ رَأَيْتُ ابْنَ أَبِي أَوْفَى صَلَّى رَكْعَتَيْنِ وَقَالَ صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الضُّحَى رَكْعَتَيْنِ حِينَ بُشِّرَ بِالْفَتْحِ أَوْ بِرَأْسِ أَبِي جَهْلٍ

## বাংলা

১৫০০. শা’ছাআ হতে বর্ণিত, তিনি বলেন, আমি ইবনু আবূ আওফা রাদ্বিয়াল্লাহু আনহুকে দু’রাকা’আত সালাত আদায় করতে দেখলাম। এরপর তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ’আলাইহি ওয়া সাল্লাম যখন (মক্কা) বিজয়ের কিংবা আবূ জাহলের শিরশ্ছেদের সুসংবাদ প্রাপ্ত হলেন, তখন তিনি দিবসের প্রথমভাগে (শোকরানা স্বরূপ) দু’ রাক’আত সালাত আদায় করেন।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: সালামাহ ইবনু রিজাআ, তার বর্ণনাকে আমরা মাজমাউয য্াওয়াইদ ৩৪৬৩ এ হাসান হিসেবে উল্লেক করেছি। আর শা’ছাআ হলেন আব্দুল্লাহ আল আসদিয়া্’র কন্যা। আমি তার ব্যাপারে কাউকে ‘জারাহ বা তা’দীল’ করতে দেখিনি। তাহলে ইবনু হিব্বানের শর্তানযায়ী (সহীহ)।

তাখরীজ: ইবনু মাজাহ ১৩৯১; তাহযীবুল কামাল, মিযযী ৩৫/২০৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81783

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন